দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 24.SEP.2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬-৬ ...



কুমিল্লা: ভবন পরিত্যক্ত ঘোষণার ফলে এভাবেই খোলা আকাশের নিচে মাটিতে ক্লাস চলে দাউদকান্দির কলাকোপা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের -ইত্তেফাক

# কুমিল্লায় বিদ্যালয় ভবন পরিত্যক্ত খোলা আকাশের নিচে ক্লাস

■ লুৎফর রহমান, কুমিল্লা প্রতিনিধি

খোলা আকাশের নিচে মাটিতে পাটি বিছিয়ে ক্লাস করছে প্রায় আড়াইশ' কোমলমতি শিক্ষার্থী। যখন বৃষ্টি হয় তখন ক্লাস বন্ধ থাকে। আর এভাবেই ২০১৩ সাল থেকে পাঠদান চলছে কুমিল্লার দাউদকান্দি উপজেলার ১৯নং দক্ষিণ ইলিয়টগঞ্জ ইউনিয়নের কলাকোপা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। এদিকে বিদ্যালয়টির জরাজীর্ণ ভবন পরিত্যক্ত ঘোষণার পর নতুন ভবন নির্মাণের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ একাধিকবার আবেদন করলেও কোন কাজ হয়নি।

স্থানীয় লোকজন, বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীসহ তাদের অভিভাবকরা জানায়, ১৯৭৭ সালের ১ জানুয়ারি প্রতিষ্ঠিত হয় কলাকোপা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি। ২০১০ সাল থেকেই বিদ্যালয় ভবনটি জরাজীর্ণ হয়ে পড়ে। ২০১৩ সালে বিদ্যালয় ভবনটি ব্যবহারের অনুপযোগী হিসেবে সরকারিভাবে পরিত্যক্ত ঘোষণা করা হয়। এতে স্কুল কর্তৃপক্ষ বাধ্য হয়ে ওই বিদ্যালয়ের সামনে খোলা আকাশের নিচে মাটিতে পাটি বিছিয়ে ক্লাস নেয়া শুরু করেন। তবে কখনও বৃষ্টি হলে পাশের মসজিদ ও মাদ্রাসায় ক্লাস নিতে হয়। ভবনের সমস্যার কারণে অনেক শিক্ষার্থী নিয়মিত ক্লাসে আসে না। এ অবস্থায় বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার ক্রমেই হ্রাস পাচ্ছে। পরীক্ষার সময় শিক্ষক-শিক্ষার্থীদের দুর্ভোগ আরো চরম আকার ধারণ করে। এতে ওই এলাকার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা হুমকিতে পড়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক জয়নব বিবি জানান, বিদ্যালয়ের ভবন জরাজীর্ণ ও পরিত্যক্ত ঘোষণার কারণে খোলা আকাশের নিচে ২ সিফ্‌টে ক্লাস নিতে হচ্ছে। নতুন ভবনের ব্যাপারে সরকারের কাছে আবেদন করা হয়েছে। তবে এখনো কোন সাড়া মেলেনি। দাউদকান্দি উপজেলা শিক্ষা অফিসার নিখিল চন্দ্র বিশ্বাস জানান, বিদ্যালয়টির ভবন জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ, তাই যে কোন সময় দুর্ঘটনার আশংকায় ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। নতুন ভবন নির্মাণের লক্ষ্যে বিদ্যালয়ের অবকাঠামোগত বর্তমান অবস্থার ছবিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন পাঠানো হয়েছে। চলতি বছরের মধ্যেই সরকারি বরাদ্দ পাওয়া যেতে পারে বলে আশা করছি।